



স্মারক নং-৩৩.০২.০০০০.৯৫৬.১১.০০১.২১- ৪২৩


তারিখ: ১৭/১০/২০২১ খ্রি.

### নিয়োগ বিজ্ঞপ্তি

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতায় মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন 'ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প' এর অধীনে নিম্নলিখিত শূন্য পদে প্রকল্প মেয়াদকালীন (জুলাই/২০২০ হতে জুন/২০২৪ সাল পর্যন্ত) সময়ে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে সরকার নির্ধারিত সাকুল্যে বেতনে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন গ্রেড ও সাকুল্যে বেতন	অভিজ্ঞতা	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১.	২.	৩.	৪.	৫.	৬.
০১.	সহকারী মৎস্য কর্মকর্তা	গ্রেড-১০ সাকুল্যে বেতন ২৫,৫০০/=	জীববিজ্ঞান, পরিবেশ বিজ্ঞান এবং প্রশিক্ষণ, ব্যবস্থাপনা, প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন এবং পরিবীক্ষণ বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে।	২৯	কমপক্ষে বি.এস.সি. পাশ অথবা স্বীকৃতি প্রাপ্ত যে কোন ফিসারিজ ডিপ্লোমা ইনস্টিটিউট হতে মৎস্য বিজ্ঞানে ৪ বছরের ডিপ্লোমা।  মৎস্য বিজ্ঞানে ৪ বছরের ডিপ্লোমা কোর্সে উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

- বাংলাদেশের সকল জেলার প্রার্থীরা উল্লিখিত পদের জন্য আবেদন করতে পারবেন।
- আবেদন ফরম এবং প্রবেশপত্রের নমুনা মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ওয়েবসাইট ([www.mofl.gov.bd](http://www.mofl.gov.bd)) এবং মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটে ([www.fisheries.gov.bd](http://www.fisheries.gov.bd)) পাওয়া যাবে। আবেদন ফরমের সাথে আবেদনকারী কর্তৃক পূরণকৃত ০২ কপি প্রবেশপত্র সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ৫x৫ সে.মি. সাইজের ০১ (এক) কপি এবং ২টি প্রবেশপত্রে ০১ (এক) কপি করে ০২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- ২৫/০৩/২০২০ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- সরকারি/আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- আবেদন ফরম এবং প্রবেশপত্রের নির্ধারিত অংশ প্রার্থী কর্তৃক যথাযথভাবে পূরণ করে সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে নির্ধারিত তারিখ ও নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- প্রকল্প মেয়াদকালীন সময়ে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে উল্লিখিত 'সহকারী মৎস্য কর্মকর্তা' পদে নিয়োগ প্রদান করা হবে যা কোন অবস্থাতেই রাজস্বখাতে স্থানান্তর বা আত্মীকরণ করা হবে না।
- আবেদনকারীকে প্রকল্প পরিচালক, ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা বরাবর আবেদন করতে হবে।
- আবেদনপত্র আগামী ২১/১১/২০২১ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (বেলা ৫.০০ ঘটিকার মধ্যে) ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প, মৎস্য অধিদপ্তর, কক্ষ নং- ৫১১, মৎস্য ভবন, ১৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, রমনা, ঢাকা-১০০০ ঠিকানায় পৌঁছাতে হবে।
- কর্তৃপক্ষ যে কোন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(মোঃ জিয়া হায়দার চৌধুরী)

প্রকল্প পরিচালক

ইমেইলঃ [pdilishproject@gmail.com](mailto:pdilishproject@gmail.com)